

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৪.১৭.২৭৬


তারিখ: ১৮ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজে সন্তান ভর্তি প্রসংগে।
সূত্র: ০১.০৯.২০১৯ তারিখের আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব ফাতেমা খাতুন, সীটলিপিকার, ১ম শ্রম আদালত, ঢাকা একজন মুক্তিযোদ্ধার সন্তান। তিনি ২০১১ সালে ১ম শ্রম আদালত, চট্টগ্রামে যোগদান করেন। মাননীয় শ্রম আপীল ট্রাইব্যুনালের আদেশ নং-১৬৬/২০১৯, তাং-২৫/০৮/২০১৯ এবং স্মারক নং-শঃআঃট্রাঃ/২০১৯/৫৪৫, তাং-২৫/০৮/২০১৯ খ্রি. মূলে তাঁকে ১ম শ্রম আদালত, চট্টগ্রাম হতে মতিঝিলস্থ ১ম শ্রম আদালত, ঢাকায় বদলি করা হয়েছে। তাঁর সন্তান বিলওয়াল মোহাম্মদ কাদেরী, ৬ষ্ঠ শ্রেণিতে বাকলিয়া সরকারী উচ্চ বিদ্যালয়, চট্টগ্রামে অধ্যয়নরত ছিল। তিনি বদলিজনিত কারণে তাঁর সন্তানকে মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকায় ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানিয়েছেন।

০২। বর্ণিতাবস্থায়, জনাব ফাতেমা খাতুন, সীটলিপিকার, ১ম শ্রম আদালত, ঢাকা এর সন্তান বিলওয়াল মোহাম্মদ কাদেরীকে মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকায় ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(আনোয়ারুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭৪২৫

ইমেইল: ds_sec2@moedu.gov.bd


উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১৪.১৭.২৭৬

তারিখ: ১৮ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৩) অধ্যক্ষ, মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা।
- ৪) জনাব ফাতেমা খাতুন, সীটলিপিকার, ১ম শ্রম আদালত, ঢাকা।


(আনোয়ারুল হক)
উপসচিব